CHAPTER 2

# PARTS OF SPEECH

The different kinds of wrods are called **Parts of Speech**
বিভিন্ন শ্রেণীর শব্দগুলিকে parts of speech বলে। —***J. C. Nesfield.***

Words are divided into different kinds or classes, called **Parts of Speech**, according to their use ; that is, according to the work they do in the sentence.
—***Wren & Martin.***

বাক্যে ব্যবহার অনুযায়ী বিভিন্ন শ্রেণীর শব্দগুলিকে Parts of Speech বলে।

**Note :** Nesfield-এর সংজ্ঞার চেয়ে Wren & Martin-এর সংজ্ঞাতেই Parts of Speech আরো স্পষ্ট এবং পরিষ্কার হয়ে উঠেছে।
প্রকৃতপক্ষে Word গুলি Sentence বা Speech-এর অংশ ; সেজন্য এগুলিকে Parts of Speech বলে।

The Parts of Speech are eight in number.
Parts of Speech গুলি আট প্রকার।
1. ***Noun*** 2. ***Pronoun*** 3. ***Adjective*** 4. ***Verb*** 5. ***Adverb***
6. ***Preposition*** 7. ***Conjunction*** 8. ***Interjection.***

## NOUN [ বিশেষ্য ]

*A Noun is a word used for naming some person or thing.*
—***J. C. Nesfield.***

কিন্তু Noun শুধু ব্যক্তি বা বস্তুর নাম নয়, স্থানের নামও হতে পারে। তাই Wren & Martin Noun-এর সংজ্ঞা দিলেন—

*A Noun is a word used as the name of a person, place or thing.*
—***Wren & Martin.***

কিন্তু Noun শুধু ব্যক্তি, বস্তু বা স্থানের নাম নয়, দোষ-গুণ-অবস্থাবাচক বা ভাববাচক নামও হতে পারে।

তাই Wren & Martin আবার Note দিলেন—

The word *thing* includes (i) all objects that we can see, hear, taste, touch or smell ; and (ii) something that we can *think of,* but cannot perceive by the senses.

কিন্তু এতেও জাতিবাচক বা সমষ্টিবাচক নামের বিষয়টি পরিষ্কার হল না।

তাই বিষয়টিকে জটিল না করে আমরা Noun-এর সংজ্ঞা খুব সহজেই দিতে পারি এইভাবে—

*A Noun is a naming word.* —***P. C. Das***
* Noun, কথাটির অর্থ হলো নাম। সেজন্য যে কোন নামবাচক পদকে Noun বলে।

Examples :
***Subhas*** is a brilliant boy. ব্যক্তিবাচক নাম।
The ***Cow*** gives us milk. জাতিবাচক নাম।
Salil is the best boy in the ***Class.*** সমষ্টিবাচক নাম।
***Gold*** is a Valuable metal. বস্তুবাচক নাম।
***Honesty*** is the best policy. গুণ বা ভাববাচক নাম।
**Note :** সবক্ষেত্রেই Noun হচ্ছে নামবাচক পদ।

## PRONOUN [ সর্বনাম ]

A word used instead of a noun is called a Pronoun.
—J. C. Nesfield.

A Pronoun is a word used instead of a noun. —Wren & Martin.
Noun-এর পরিবর্তে যে Word ব্যবহৃত হয়, তাকে Pronoun বলে।
Pro = পরিবর্তে, Noun = বিশেষ্য ; তাই Noun-এর পরিবর্তে যে Word বসে তাকে Pronoun বলে। —P. C. Das.

একই Noun বারবার ব্যবহার করলে শ্রুতিকটু হয়। তাই একই Noun বারবার ব্যবহার না করে বাক্যকে শ্রুতিমধুর করার জন্য Noun-এর পরিবর্তে Pronoun ব্যবহার করা হয়। এখন Pronoun-এর ব্যবহার লক্ষ্য কর :

| Noun-এর বারবার ব্যবহার | Pronoun-এর ব্যবহার |
|---|---|
| ***Ram*** is a boy. | ***Ram*** is a boy. (noun) |
| ***Ram*** is going to school. | ***He*** is going to school. (Pronoun) |
| ***Ram*** is an intelligent boy. | ***He*** is an intelligent boy. (Pronoun) |

Pronoun সম্পর্কে নিচের বিষয়গুলি মনে রাখবে :

বাংলায় যেমন সর্বনামের উত্তম পুরুষ, মধ্যম পুরুষ এবং প্রথম পুরুষ হয়, তেমনি ইংরেজিতে Pronoun-এর First Person (উত্তম পুরুষ), Second Person (মধ্যম পুরুষ) এবং Third Person (প্রথম পুরুষ) হয়।

আমি, আমরা ; আমাকে, আমাদিগকে ; আমার, আমাদের বোঝাতে Pronoun-এর First Person হয়। যেমন—I, we ; me, us ; my, our.

তুমি, তোমরা ; তোমাকে, তোমাদিগকে ; তোমার, তোমাদের বোঝাতে Pronoun-এর Second Person হয়। যেমন—you, your.

সে, তাহারা ; তাহাকে, তাহাদিগকে ; তাহার, তাহাদের ; ইহা, ইহারা, ইহাকে, ইহাদিগকে, ইহার, ইহাদের, বোঝাতে Pronoun-এর Third Person হয়। যেমন—He, she, they, it ; him, her, them ; his, her, their, its.

## ADJECTIVE [ বিশেষণ ]

An Adjective is a word used for qualifying (or adding something to) the meaning of a Noun or Pronoun. —J. C. Nesfield.

An Adjective is a word used to add something to the meaning of a Noun. —Wren & Martin.

Adjective শুধু Noun-এর নয়, Pronoun-এরও হতে পারে। প্রকৃতপক্ষে Noun বা Pronoun-কে Qualify করতে অথবা বিশেষিত করতে যে শব্দ যোগ করা হয়, তাকে Adjective বলে।

"The word Adjective means 'adding'." —Nesfield.

এখন Adjective-এর ব্যবহার লক্ষ্য কর :

Amal is a ***good*** boy. He is an ***Indian.***
***Lazy*** students fail in the examination. Lila plucked a ***red*** rose.
The mouse is a ***little*** animal. The elephant is a ***large*** animal.
Our Cow gives ***much*** milk. Give me ***two*** pens and ***three*** pencils.

উপরের উদাহরণগুলিতে যেমন, good শব্দটি 'boy' noun-কে, Indian শব্দটি 'He'-Pronoun-কে, Lazy শব্দটি 'Students' noun-কে, red শব্দটি 'rose' noun-কে, little শব্দটি 'animal' noun-কে, large শব্দটি 'animal' noun-কে, much শব্দটি milk noun-কে এবং two ও three শব্দদুটি 'pen' ও 'pencil'-কে বিশেষিত করেছে। তাই এগুলি Adjective.

উপরের উদাহরণগুলিতে আরো লক্ষ্য কর, এই Adjective গুলি Noun বা Pronoun-এর দোষ, গুণ, অবস্থা, আকৃতি, সংখ্যা, পরিমাণ ইত্যাদি বোঝায়। সেইজন্য বলা যায়—**An Adjective qualifies a Noun or a Pronoun.** When it qualifies a noun it may be used attributively or predicatively. But when it



qualifies a pronoun it is used predicatively. (Noun-এর আগে বসলে attributive এবং verb-এর পরে বসলে Predicative Adjective হয়।) —P. C. Das

## VERB [ ক্রিয়া ]

A Verb is a word used for saying something about a *person* or a *thing*. —J. C. Nesfield.

A Verb is a word used to say something about some *person, place* or *thing*. —Wren & Martin.

যে word কোন ব্যক্তি, বস্তু বা স্থান সম্বন্ধে কিছু বলার জন্য ব্যবহৃত হয় তাকে Verb বলে।

উপরের দুটি সংজ্ঞাতেই Verb-এর ধারণা অস্পষ্ট থেকে যায়। উদাহরণের সাহায্যে বিষয়টি দেখা যাক।

The fat girl wrote a letter to her brother. Calcutta is a big city.
The old man had a faithful dog. This pen is nice.

উপরের বাক্যগুলিতে girl, man, Calcutta এবং pen এই সব ব্যক্তি, স্থান এবং বস্তু সম্বন্ধে অনেক কিছুই বলা হয়েছে। মেয়েটি মোটা, লোকটি বৃদ্ধ, কলকাতা একটি বড় শহর, কলমটি সুন্দর এসব কথাও বলা হয়েছে। অথচ fat, old, big, nice এই শব্দগুলি Verb নয়, Adjective বা বিশেষণ।

সুতরাং উপরের সংজ্ঞাগুলিতে Verb-এর বৈশিষ্ট্য ধরা পড়েনি।

তাই Verb-এর বৈশিষ্ট্য স্পষ্ট করে প্রকাশ করতে হলে বলা উচিত :

*A Verb is a word that denotes 'being', 'having' or 'doing', or an action in any form.* —P. C. Das.
যে Word-এর দ্বারা কোন কিছু করা, থাকা বা হওয়া বোঝায়, তাকে *Verb* বলে।

প্রকৃতপক্ষে Verb বা ক্রিয়া তিন ধরনের :

1. ***'Being' verb*** : The man *is* honest.
2. ***'Having' verb*** : I *have* a sharp knife.
3. ***'Doing' verb*** : The boy *kicks* the football.
4. An action in any form : The moon looks bright.

## ADVERB [ ক্রিয়া বিশেষণ ]

An Adverb qualifies anything except a Noun or a Pronoun. —J. C. Nesfield.

Noun বা Pronoun ছাড়া অন্য যে কোন কিছুকে Adverb বিশেষিত করে।

An Adverb is a word used to add something to the meaning of a verb, an adjective or another adverb. —Wren & Martin.

যে Word verb, adjective বা অন্যকোন adverb সম্বন্ধে পরিষ্কার অর্থ পরিস্ফুটের জন্য ব্যবহৃত হয়, তাকে Adverb বলে। -

স্পষ্টতঃই Wren & Martin-এর সংজ্ঞার তুলনায় Nesfield-এর সংজ্ঞা অধিক যুক্তিযুক্ত। কারণ Adverb শুধু verb, adjective বা অন্য কোন adverb নয়, preposition এবং conjunction-কেও বিশেষিত করতে পারে।

Adverb-এর বিভিন্ন উদাহরণগুলি দেখলেই বিষয়টি স্পষ্ট হবে।

Lila goes *slowly*. (Adverb modifies a verb)
She is a *very* beautiful girl. (Adverb modifies an adjective)
She walks *very* slowly. (Adverb modifies another adverb)
The bird flew *exactly* over he head. (Adverb modifies a preposition)
I dislike her *simply* because she is very rude. (Adverb modifies a conjunction)

**Adverb to denote time, place, manner etc. :**

An adverb may denote time, place, manner, number, degree, reason, purpose, condition and contrast. [ Adverb সময়, স্থান, ধরণ, সংখ্যা পরিমাণ, কারণ, উদ্দেশ্য, শর্ত এবং বৈপরীত্য প্রকাশ করতে পারে। ]

Time : now, then, soon, early etc.
Place : here, there, far, near etc.
Manner : slowly, quickly, surely, probably etc.
Number : once, twice, thrice, again, always etc.
Degree : very, much, partly, wholly etc.
Reason : as, so, because etc.
Purpose : that, so that etc.
Condition : if, unless etc.
Contrast : though, although etc.

## PREPOSITION [ পদান্বয়ী অব্যয় বা সম্বন্ধসূচক অব্যয় ]

A Preposition is a word placed before a noun or noun-equivalent to show in what relation the person or thing denoted thereby stands to something else. ***—J. C. Nesfield.***

Preposition হল সেই শব্দ যা Noun বা Noun-জাতীয় শব্দের পূর্বে বসে তার সঙ্গে বাক্যের অন্য কিছুর (অন্য word-এর) সম্পর্ক দেখিয়ে দেয়।

A Preposition is a word used with a noun or a pronoun to show how the person or thing denoted by the noun or pronoun stands in relation to something else. ***—Wren & Martin.***

Preposition হল সেই শব্দ যা Noun বা Pronoun-এর সঙ্গে ব্যবহৃত হয়ে তার সঙ্গে বাক্যে অন্য কিছুর সম্পর্ক প্রকাশ করে।

আরো একটু সহজে বলা যায় :

A Preposition is a word that is placed before a noun or a pronoun to show the relation of that noun or pronoun with any other word of the sentence. ***—P. C. Das.***

Preposition noun বা pronoun-এর পূর্বে ব্যবহৃত হয়ে সেই noun বা pronoun-এর সঙ্গে বাক্যের অন্য word-এর সম্পর্ক বুঝিয়ে দেয়। Pre = পূর্বে, Position = অবস্থান, অর্থাৎ এই Word-এর অবস্থান noun বা pronoun-এর পূর্বে।

*এবার Preposition-এর ব্যবহার দেখ :*

The book is ***on*** the table.
The fish is ***in*** the pond.
He is ***behind*** you.
The man is ***under*** the tree.
The bird flew ***over*** our head.

উপরের বাক্যগুলিতে on, under, in এবং over শব্দগুলি যথাক্রমে table, tree, pond এবং head এই noun-এর পূর্বে এবং behind শব্দটি you-এই Pronoun-এর পূর্বে বসে বাক্যের অন্য word-এর সঙ্গে তাদের সম্পর্ক বুঝিয়ে দিয়েছে। তাই এগুলি Preposition.

## CONJUNCTION [ সংযোজক অব্যয় ]

A Conjunction is a word for joining one word to another word, or one sentence to another sentence. ***—J. C. Nesfield.***

যে শব্দ একটি শব্দের সঙ্গে আর একটি শব্দকে অথবা একটি বাক্যের সঙ্গে আর একটি বাক্যকে সংযুক্ত করে, তাকে বলে Conjunction.

A Conjunction is a word used to join words or sentences. ***—Wren & Martin.***

Conjunction হলো সেই শব্দ যা একাধিক শব্দ বা বাক্যকে সংযুক্ত করার জন্য ব্যবহার করা হয়।



'Con' মানে 'একত্র' এবং 'junction' মানে 'সংযোগ'। সুতরাং 'Conjunction'—এর অর্থ হলো একত্র সংযোগ। এখন নিচের উদাহরণ গুলি লক্ষ্য কর :

Reba ***and*** Rekha are good girls.
Dipu is a boy ***but*** Mira is a girl.
Learn your lesson ***or*** leave the class.

প্রথম Sentence-এ *'and'* শব্দটি Reba এবং Rekha এই Word দুটিকে যুক্ত করেছে।

দ্বিতীয় Sentence-এ *'but'* শব্দটি 'Dipu is a boy' এবং 'Mira is a girl'—এই বাক্য দুটিকে সংযুক্ত করেছে।

তৃতীয় Sentence-এ *'or'* শব্দটি 'Learn your lesson' এই sentence-এর সঙ্গে 'leave the class' এই sentence-টিকে সংযুক্ত করেছে। তাই **and, but, or**—এই word গুলি Conjunction.

## INTERJECTION [ অনন্বয়ী অব্যয় বা আবেগসূচক অব্যয় ]

An Interjection is a word or sound thrown into a sentence to express some feeling of the mind. ***—J. C. Nesfield.***

মনের আবেগ প্রকাশ করার জন্য বাক্যের মধ্যে যে শব্দটি ঢুকিয়ে দেওয়া হয়, তাকে Interjection বলে।

An Interjection is a word which expresses some sudden feeling. ***—Wren & Martin.***

যে শব্দ মনের আকস্মিক আবেগ প্রকাশ করে, তাকে Interjection বলে।

প্রকৃতপক্ষে বাক্যের অন্য শব্দের সঙ্গে সম্বন্ধ না থাকলেও মনের আবেগ প্রকাশের জন্য Sentence-এর ভেতরে ( = Inter) যে word বা sound ছুঁড়ে দেওয়া হয় ( = jection) তাকে Interjection বলে।

নিচের Sentence গুলিতে এর ব্যবহার লক্ষ্য কর :

হায়! ইন্দিরা গান্ধী আর জীবিত নেই। ***Alas !*** Indira Gandhi is no more.
কি মজা, আজ আমাদের ছুটি। ***Hurrah !*** Today is a holiday.
আহা ! কী সুন্দর দৃশ্য। ***Oh !*** What a nice view.
ধিক! তুমি মিথ্যাবাদী। ***Fie !*** You are a liar.
সাবাস। তুমি খুব ভাল করেছ। ***Bravo !*** You have done well.

উপরের বাক্যগুলিতে Alas শব্দের সাহায্যে দুঃখ, Hurrah শব্দের সাহায্যে আনন্দ, Oh—এই sound-এর সাহায্যে বিস্ময় এবং Fie—এই শব্দের সাহায্যে ঘৃণা, Bravo—এই শব্দের সাহায্যে উৎসাহ প্রকাশ করা হয়েছে। এগুলি সবই মনের আকস্মিক আবেগ। মনে রাখবে Interjection-এর পর Note of Exclamation বা আবেগসূচক চিহ্ন বসাতে হয়। [ 'বিস্ময়চিহ্ন' নামকরণ ভুল ; কারণ বিস্ময় মনের অনেকগুলি আবেগের মধ্যে একটি মাত্র। ]

Interjections may express : (Interjection প্রকাশ করতে পারে)

(a) Joy (আনন্দ) : Hurrah !
(b) Grief (দুঃখ) : Alas !
(c) Surprise (বিস্ময়) : Ah ! Ha ! What ! How !
(d) Encouragement (উৎসাহ) : Bravo ! ইত্যাদি।

Certain groups of words are also used to express some sudden feeling or emotion.

মনের আকস্মিক আবেগ প্রকাশের জন্য অনেকসময় কিছু groups of words-ও ব্যবহৃত হয়।

Ah me ! For shame ! Well done ! etc.

Note : An Interjection, properly speaking, is not a part of speech as it has no connection with any other word of the sentence. [ প্রকৃতপক্ষে Interjection কোন Part of Speech নয়, কারণ বাক্যের অন্য কোন পদের সঙ্গেই এর কোন সম্পর্ক নেই। ]